

গত ১০-০৬-২০২০খ্রিঃ বুধবার ১১:০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৬ষ্ঠ তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/মিরপুর/তেজগাঁও/গুলশান/উত্তরা বিভাগের এপ্রিল, ২০২০খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী :

সভাপতি : অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাইম এন্ড অপস) অতিরিক্ত দায়িত্বে অতিরিক্ত পুলিশ কমিশনার (এ্যাডমিন) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ : ১০-০৬-২০২০খ্রিঃ।

সময় : ১১:০০ ঘটিকা।

স্থান : ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৬ষ্ঠ তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১.	জনাব কৃষ্ণ পদ রায়, বিপিএম (বার), পিপিএম (বার) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাইম এন্ড অপস) ডিএমপি, ঢাকা।
২.	জনাব মোঃ জাফর হোসেন, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন)।
৩.	জনাব, মানস কুমার পোদ্দার, পিপিএম(বার) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, (পুলিশ সুপার পদে পদোন্নতী প্রাপ্ত)।
৪.	জনাব মাহমুদা আফরোজ লাকী পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (দারুসসালাম জোন)।
৫.	জনাব মোঃ শফিকুল ইসলাম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (তেজগাঁও জোনাল টিম)।
৬.	জনাব মোঃ গোলাম সাকলায়েন পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গুলশান জোনাল টিম)।
৭.	জনাব ইশতিয়াক হাসান আমীন, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাইম)।
৮.	জনাব এ, জেড, এম তৈমুর রহমান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাইম-২)।
৯.	জনাব মোঃ আজহারুল ইসলাম মুকুল, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিরপুর জোনাল টিম)।
১০.	জনাব মোঃ সালাহ উদ্দিন, সহকারী পুলিশ কমিশনার (লালবাগ জোন)।
১১.	জনাব মোঃ হান্নানুল ইসলাম, সহকারী পুলিশ কমিশনার (ওয়ারী জোন)।
১২.	জনাব মোঃ এলিন চৌধুরী, সহকারী পুলিশ কমিশনার (বাড্ডা জোন)।
১৩.	জনাব জুলফিকার আলী, সহকারী পুলিশ কমিশনার (খিলগাঁও জোন)।
১৪.	জনাব ফাহিমদা আফরিন, সহকারী পুলিশ কমিশনার (ট্রাইম)।
১৫.	জনাব এস.এম শামীম, সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন)।
১৬.	জনাব মোঃ ফিরোজ কাউছার, সহকারী পুলিশ কমিশনার (পল্লবী জোন)।
১৭.	জনাব মোঃ রাকিবুল ইসলাম, সহকারী পুলিশ কমিশনার (ডেমরা জোন)।
১৮.	জনাব রওশানুল হক সৈকত, সহকারী পুলিশ কমিশনার (মোহাম্মদপুর জোন)।
১৯.	জনাব মোঃ ইলিয়াস হোসেন, সহকারী পুলিশ কমিশনার (চকবাজার জোন)।
২০.	জনাব শাহ আলম, সহকারী পুলিশ কমিশনার (শ্যামপুর জোন)।
২১.	জনাব মাহমুদ খান, সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও জোন)।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। রমনা থানার মামলা নং ০২, তারিখ: ০৭/০৪/২০খ্রিঃ, ধারা: ৩০২ পিসি।

আলোচনা : অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, মামলাটি এজাহারনামীয় আসামী রিপন পূর্ব শত্রুতার জের ধরে ভিকটিম রানা@বড় রানা এর মুখের খুতনীর নিচে ভাঙ্গা টিউব লাইট দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ০১ জন সাক্ষীর ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক বিজ্ঞ আদালতে জবানবন্দি লিপিবদ্ধ করা হয়।

সিদ্ধান্ত : মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।